

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭০৭

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর অধিকার, তাঁর প্রতি দর্মদ ও সালাম পেশ করার আদেশ, তার মাহাত্ম্য ও শব্দাবলী

## আরবী

وَعَنْ أَبِي حُمَيدِ السَّاعِدِيِّ قَالَ : قَالُوا : يَا رَسُولَ اللهِ كَيْفَ نُصلِّي عَلَيْكَ ؟ قَالَ قُولُوا: اللهِ كَيْفَ نُصلِّي عَلَيْكَ ؟ قَالَ قُولُوا: اللّهُمُّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى أَرْوَاجِهِ وَذُرِّيَّتِهِ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى أَرْوَاجِهِ وَذُرِيَّتِهِ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَميدٌ مَجِيدٌ متفقٌ عَلَيْهِ مُحَمَّدٍ وَعَلَى أَرْوَاجِهِ وَذُرِيَّتِهِ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَميدٌ مَجِيدٌ متفقٌ عَلَيْهِ

## বাংলা

(১৭০৭) আবৃ হুমাইদ সায়েদী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, লোকেরা বলল, 'হে আল্লাহর রসূল! আমরা কিভাবে আপনার প্রতি দর্মদ পেশ করব?' তিনি বললেন, তোমরা বলো,

আল্লা-হুস্মা স্বাল্লি আলা মুহাস্মাদিউ অআলা আযওয়া-জিহি অযুররিয়্যাতিহি কামা স্বাল্লাইতা আলা আ-লি ইবরা-হীম, অবা-রিক আলা মুহাম্মাদিউ অআলা আযওয়া-জিহি অযুররিয়্যাতিহি কামা বারাকতা আলা আ-লি ইবরা-হীম, ইন্নাকা হামীদুম মাজীদ।

অর্থাৎ, হে আল্লাহ! তুমি মুহাম্মাদ, তাঁর পত্নীগণ ও তাঁর বংশধরের উপর রহমত বর্ষণ কর; যেমন তুমি ইব্রাহীমের বংশধরের উপর রহমত বর্ষণ করেছ। এবং তুমি মুহাম্মাদ, তাঁর পত্নীগণ ও তাঁর বংশধরের উপর বরকত বর্ষণ কর যেমন তুমি ইবরাহীমের বংশধরের উপর বরকত বর্ষণ করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত গৌরবান্বিত।

## ফুটনোট

(বুখারী ৩৩৬৯, ৬৩৬০, মুসলিম ৯৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুমায়দ সা'ঈদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন